

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১৭

প্রজ্ঞাপন

ঢাকা, ০১ কার্তিক ১৪২৩/১৬ অক্টোবর ২০১৬

নং শিম/শাঃ ১৭/১০এম-১৫/২০০৭(অংশ-৩)/৬৬৩—শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি বাস্তবায়নের নিমিত্ত শিক্ষা মন্ত্রণালয়ের ১৮ ডিসেম্বর ২০১৩ তারিখের ৩৭.০০.০০০০.০৭৮. ০২.০১৮.১৩-১১৫২ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত জাতীয় স্টিয়ারিং কমিটি নিম্নোক্তভাবে পূর্ণগঠন করা হলো :

- | | | | |
|-----|--|---|-------------|
| (ক) | সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা | - | চেয়ারম্যান |
| (খ) | চেয়ারম্যান, প্রাথমিক বাছাই কমিটি | - | সদস্য |
| (গ) | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), শিক্ষা মন্ত্রণালয় | - | সদস্য-সচিব |
| (ঘ) | সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন | - | সদস্য |
| (ঙ) | ডীন, বিজ্ঞান অনুষদ, অধ্যাপক-গণিত, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | - | সদস্য |
| (চ) | অধ্যাপক, ডঃ মোহাম্মদ কায়কেবাদ, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | - | সদস্য |
| (ছ) | প্রফেসর ডা. মোঃ শফিকুল ইসলাম, চক্রবৰ্তী বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা | - | সদস্য |
| (জ) | উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | | সদস্য |

(১৬০১১)
মূল্য : টাকা ৪.০০

-
- (ঝ) অধ্যাপক ড. মোঃ আতাহাবুল ইসলাম, এপ্লাইড স্টেচিস্টিস্ক, - সদস্য
ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়, ঢাকা
- (ঝঃ) অধ্যাপক ফালাউজ্জামান খান, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, - সদস্য
কমিউনিটি মেডিসিন বিভাগ, বাংলাদেশ মেডিক্যাল কলেজ,
ধানমন্ডি, ঢাকা
- (ট) যুগ্ম-সচিব (বাজেট), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ - সদস্য
সচিবালয়, ঢাকা
- (ঠ) পরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্রুরো - সদস্য
(ব্যানবেইস), ঢাকা

২। স্টিয়ারিং কমিটির কার্যপরিধি :

- (ক) শিক্ষা খাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির চূড়ান্ত নীতিমালা প্রণয়ন, সংশোধন
বা পরিমার্জন এবং কর্মসূচির বাস্তবায়ন পরিবীক্ষণ ও সার্বিক মূল্যায়ন;
- (খ) প্রাথমিক বাছাই কমিটি গঠন এবং কমিটির রিপোর্ট প্রদানের মেয়াদ ও দায়িত্ব
নির্ধারণ;
- (গ) প্রাথমিক বাছাই কমিটি থেকে রেটিং ও মন্তব্যসহ প্রাপ্ত গবেষণা প্রস্তাব পর্যালোচনা ও
অনুমোদন;
- (ঘ) গবেষণা প্রস্তাবের ব্যয় প্রাকলন পরীক্ষা, আবশ্যিকীয় সহায়তার পরিমাণ নিরূপণ এবং
বরাদ্দ ছাড়ের কাঠামো (সময় ও অর্থ ছাড়ের পদ্ধতি) নির্ধারণ;
- (ঙ) গবেষণা সহায়তা প্রাপ্তির জন্য আবেদন ফরম প্রণয়ন;
- (ট) গবেষণা সহায়তার জন্য মনোনীত গবেষক/গবেষক টীমের সাথে সহায়তা চুক্তি
সম্পাদন;
- (জ) গবেষণা অগ্রগতি পরিদর্শন, পর্যবেক্ষণ, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- (ঝ) প্রয়োজন সাপেক্ষে সহায়তা প্রদান স্থগিত করা বা সহায়তার পরিমাণ পুণঃনির্ধারণ;
- (ঝঃ) প্রদত্ত সহায়তার অর্থ ব্যবহার সংক্রান্ত কাজের অভ্যন্তরীণ হিসাব নিরীক্ষা পরিচালনা
এবং নিরীক্ষা প্রতিবেদন মূল্যায়ন;
- (ট) বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নীতিমালা অনুযায়ী মুখ্য গবেষক, সহ
গবেষক এবং গবেষণা সহকারীদের সম্মানীভাত্তা অনুমোদন;
- (ঠ) গবেষণা প্রস্তাব যাচাই-বাছাই বা চূড়ান্ত অনুমোদনের ক্ষেত্রে ন্যূনতম ৬ বার সভা
আহ্বান।

৩। পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত এ কমিটি বলবৎ থাকবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**জিল্লাত রেহানা
উপসচিব (বিশ্বঃ ১)।**

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd